

## **া** সহীহ বুখারী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৯৬৯ [আন্তর্জাতিক নাম্বারঃ ২০৯৯]

২৬/ ক্রয় - বিক্রয় (كتاب البيوع)

পরিচ্ছেদঃ ১৩১২, অতি পিপাসাকাতর অথবা চর্মরোগে আক্রান্ত উট ক্রয় করা। হায়িম অর্থ সকল বিষয়ে মধ্যপন্থা বিরোধী

باب شِرَاءِ الإِبِلِ الْهِيمِ أَوِ الأَجْرَبِ الْهَائِمُ الْمُخَالِفُ لِلْقَصِدِ فِي كُلِّ شَيْءٍ

## আরবী

حَدَّنَنَا عَلِيٌّ، حَدَّثَنَا سُفْيَانُ، قَالَ عَمْرُو كَانَ هَا هُنَا رَجُلُ اسْمُهُ نَوَّاسٌ، وَكَانَتْ عِنْدَهُ إِبِلُ هِيمٌ، فَذَهَبَ ابْنُ عُمَرَ لله عنهما الله عنه الإبلَ. فَقَالَ وَيُحَكَ ذَاكَ شَرِيكُهُ فَقَالَ بِعْنَا تِلْكَ الإِبلَ. فَقَالَ مِمَّنْ بِعْتَهَا قَالَ مِنْ شَيْخٍ، كَذَا وَكَذَا. فَقَالَ وَيْحَكَ ذَاكَ لَا مِلْكُهُ فَقَالَ بِعْنَا تِلْكَ الإِبلَ. فَقَالَ أَمِمَّنْ بِعْتَهَا قَالَ مِنْ شَيْخٍ، كَذَا وَكَذَا. فَقَالَ وَيْحَكَ ذَاكَ لَا مُن شَرِيكِي بَاعَكَ إِبلاً هِيمًا، وَلَمْ يَعْرِفْكَ. قَالَ فَاسْتَقْهَا. وَاللّهِ لَا الله عليه وسلم لاَ قَالَ فَلَمَّا ذَهَبَ يَسْتَاقُهَا فَقَالَ دَعْهَا، رَضِينَا بِقَضَاءِ رَسُولِ اللّهِ صلى الله عليه وسلم لاَ عَدُوكَ. سَمِعَ سُفْيَانُ عَمْرًا.

## বাংলা

১৯৬৯. আলী ইবনু আবদুল্লাহ (রহঃ) ... আমর ইবনু দ্বীনার (রহঃ) বলেন, এখানে নাওওয়াস নামক এক ব্যাক্তিছিল। তার নিকট অতি পিপাসা রোগে আক্রান্ত একটি উট ছিল। ইবনু উমর (রাঃ) তার শরীকের কাছ থেকে সে উটটি কিনে নেন। পরে তার শরীক তার নিকট উপস্থিত হলে বলল, সে উটটি বিক্রি করে দিয়েছি। নাওওয়াস জিজ্ঞাসা করলেন, কার কাছে বিক্রি করেছ? সে বলল, এমন আকৃতির এক বৃদ্ধের কাছে। নাওওয়াস বলে উঠলেন, আরে কি সর্বনাশ! আল্লাহর কসম, তিনি তো ইবনু উমর (রাঃ) ছিলেন। এরপর নাওওয়াস তাঁর নিকট এলেন এবং বললেন, আমার শরীক আপনাকে চিনতে না পেরে আপনার কাছে একটি পিপাসাক্রান্ত উট বিক্রি করেছে। তিনি বললেন, তবে উটটি নিয়ে যাও। সে যখন উটটি নিয়ে যেতে উদ্যত হল, তখন তিনি বললেন, রেখে দাও। আমি রাস্লুল্লাহ সাল্লাল্লাভ্ আলাইহি ওয়াসাল্লাম এর ফায়সালায় সম্ভুষ্ট যে, রোগে কোন সংক্রমন নেই। সুফয়ান (রহঃ), আমর (রহঃ) থেকে উক্ত হাদীসটি শুনেছেন।

## **English**

Narrated `Amr:



Here (i.e. in Mecca) there was a man called Nawwas and he had camels suffering from the disease of excessive and unquenchable thirst. Ibn `Umar went to the partner of Nawwas and bought those camels. The man returned to Nawwas and told him that he had sold those camels. Nawwas asked him, "To whom have you sold them?" He replied, "To such and such Sheikh." Nawwas said, "Woe to you; By Allah, that Sheikh was Ibn `Umar." Nawwas then went to Ibn `Umar and said to him, "My partner sold you camels suffering from the disease of excessive thirst and he had not known you." Ibn `Umar told him to take them back. When Nawwas went to take them, Ibn `Umar said to him, "Leave them there as I am happy with the decision of Allah's Messenger (ﷺ) that there is no oppression . "

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আমর ইবন দ্বীনার (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন